

৩৫  
৪৫

## মুন্সাই বিশ্ববিদ্যালয়ে ড. ইউনুস শিক্ষার্থীদের দারিদ্র্যের বিরুদ্ধে সংগ্রামে নামতে হবে

ইউএনবি

নৈবেদ্য শ্রাবি পুরস্কার বিজয়ী অর্থনীতিবিদ ও গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ড. মুহাম্মদ ইউনুস মুন্সাই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সামনে তার 'সামাজিক বাণিজ্য' সম্প্রসারণের মাধ্যমে দারিদ্র্যকে জাদুঘরে পাঠানোর স্বপ্নের কথা পুনর্ব্যক্ত করেছেন। তিনি এ স্বপ্ন বাস্তবায়নের সংগ্রামে ছাপিয়ে পড়ার জন্য তাদের প্রতি আহ্বান জানান। শনিবার মুন্সাই বিশ্ববিদ্যালয়ের কানিলা ক্যাম্পাসে অবস্থিত মারাঠি ভাষাভাষা ভবনে 'সহস্রাব্দ উন্নয়ন পরিকল্পনা'র ক্ষুদ্রতম 'ডুমিকা' শীর্ষক এক আলোচনায় তিনি একথা বলেন। মুন্সাই বিশ্ববিদ্যালয়ের তিনি অধ্যাপক বিদ্যে খোলেও এ অনুষ্ঠানে বক্তৃতা রাখেন। ক্ষুদ্রতম কার্যক্রমে গ্রামীণ ব্যাংকের দৃষ্টান্তযোগ্য সফলতার কথা উল্লেখ করে ড. ইউনুস শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, যে কোন গ্রামই তার নিজস্ব সম্পদের সুষম ব্যবহার মুন্সাই : পৃষ্ঠা ১৫ : কলাম ৫

### মুন্সাই : ইউনুস (শেষ পৃষ্ঠার পর)

করে নিজ সম্পদের সমাধান করতে পারে। তিনি বলেন, এক্ষেত্রে বাইরের সাহায্য-সহযোগিতার দরকার নেই। স্থানীয়ভাবেই তারা স্ব স্ব সমস্যার সমাধান করতে পারে। তিনি বলেন, দারিদ্র্যকে কৃত্রিমভাবে গরিবের ওপর ছাপিয়ে দেয়া হয়েছে। প্রচলিত প্রতিষ্ঠানিক নীতিমালায় নেপথ্যেই দারিদ্র্যের বীজ লুক্কায়িত। এসব বৈষম্যমূলক ধারণা দূর করলেই পৃথিবী থেকে দারিদ্র্য দূরীভূত হবে। তিনি বলেন, প্রচলিত ব্যাংকিং সিস্টেমের প্রতিবাদস্বরূপ তিনি সদায়সম্বলহীন নারীদের মাঝে ক্ষুদ্রতম কার্যক্রম শুরু করেন। সামাজিক বাণিজ্য ও সামাজিক ষ্টক মার্কেটের রূপরেখার সমর্থনের ড. ইউনুস বলেন, সাধারণ নাগরিকরা ইচ্ছা করলে এসব প্রচলিত নীতিমালা বদলে ফেলতে পারে। অনুষ্ঠানে উপস্থিত ছাত্রছাত্রীদের 'ছাতির ভবিষ্যৎ' হিসেবে আখ্যায়িত করে তিনি দারিদ্র্যকে জাদুঘরে পাঠানোর জন্য তাদের একমুহুরে স্বপ্নের জন্য আহ্বান জানান। ৩ দিনের পক্ষ শেষ করে ড. ইউনুস গতকালই ভারত থেকে বাহরাইনে রওনা হন। বাহরাইনে গ্রামীণ ব্যাংকের আদলে একটি ফ্যামিলি ব্যাংক প্রতিষ্ঠার জন্য সেখানকার সরকারের সঙ্গে মঙ্গলবার তিনি এক সমঝোতা স্মারকে স্বাক্ষর করবেন। আগামীকাল বাহরাইনের যুবরাজ শেখ সালমান বিন হামাদ আল খলিফার আমন্ত্রণে এক বৈশিষ্ট্যময় যোগ দেবেন। ওই ভোক্তা অনুষ্ঠানেও তিনি বক্তৃতা রাখবেন। এছাড়া তিনি বাহরাইনের আমীর শেখ হামাদ বিন ইসা আল খলিফা, প্রধানমন্ত্রী শেখ বদিফা বিন সালমান আল খলিফা, সামাজিক উন্নয়ন মন্ত্রী ড. ফাতিমা বিনতে মোহাম্মদ আল বালুদি এবং পররাষ্ট্রমন্ত্রী শেখ খালিদ বিন আহমেদ বিন মোহাম্মদ আল খলিফার সঙ্গেও দেখা করবেন।